**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-02-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ "পরীক্ষা পে চর্চা"র অষ্টম পর্বের অনুষ্ঠানে শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করেন ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সড়ক নিরাপত্তা, ভোক্তা সুরক্ষা এবং নেশার কবল থেকে বাঁচতে হলে গণসচেতনতা প্রয়োজন ।**

**(৩) চলতি বছরের জানুয়ারি মাস পর্যন্ত দেশে প্রধানমন্ত্রী জন ধন যোজনার আওতায় ৫৪ কোটিরও বেশি ব্যাংক অ্যাকাউন্ট খোলা হয়েছে ।**

**(৪) ৩৮তম জাতীয় গেমসের এপর্যন্ত ৪৪টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে ।**

****************************************

**Pariksha Pe Charcha-PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লির সুন্দর নার্সারিতে "পরীক্ষা পে চর্চা"র অষ্টম পর্বের অনুষ্ঠানে শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করেন। প্রধানমন্ত্রী শিক্ষার গুরুত্বের উপর জোর দিয়ে বলেন যে সামগ্রিক বিকাশের জন্যই শিক্ষা। তিনি শিক্ষার্থীর লক্ষ্য স্থির করার আহ্বান জানান। তিনি পরীক্ষার সময় চাপ এবং উদ্বেগ কীভাবে কাটিয়ে উঠতে হয় সে সম্পর্কে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন। কথোপকথনের সময়, প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের চার দেয়ালের মধ্যে আবদ্ধ না থাকার পরামর্শ দেন। প্রধানমন্ত্রী বলেন, পরীক্ষায় ভালো ফলাফল করার জন্য শিক্ষার্থীদের তাদের পছন্দের কাজে নিয়োজিত

থাকা উচিত। প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের লেখার অভ্যাস গড়ে তোলার পরামর্শও দেন।

প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের সুস্থ থাকার জন্য বাজরা এবং শাকসবজি খাওয়ার পরামর্শ দেন। তিনি শিক্ষার্থীদের যোগ অভ্যাস ও সকালের রোদে সময় কাটাতে উৎসাহিত করেন।

একজন ছাত্রের প্রশ্নের উত্তরে প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের দৈনন্দিন সময়কে গুণগতভাবে কাজে লাগানোর জন্য দিনের করণীয় তালিকা তৈরি করার পরামর্শ দেন। এই পর্বে, সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চল থেকে ছত্রিশ জন শিক্ষার্থী প্রধানমন্ত্রীর সঙ্গে সরাসরি মত বিনিময় করেন।

এই ৩৬ জন অংশগ্রহণকারীর মধ্যে ত্রিপুরা থেকে উপস্থিত ছিল বিলোনিয়া আর্য  কলোনি দ্বাদশ স্কুলের ছাত্র প্রীতম দাশ।

######Byte-Pritam Das#####

পড়াশোনার সাথে একইসঙ্গে নাচ, গান, পেইন্টিং এর মতো অন্যান্ন সৃজনমূলক অভ্যাস অব্যাহত রাখার ব্যাপারে প্রধানমন্ত্রী কাছে প্রশ্ন রাখে প্রীতম। তিনি বলেন যে, উন্নতির জন্য শিক্ষার্থীদের তাদের মনের চাহিদা ও স্বকীয়তা অনুযায়ীও কাজ করা দরকার, কারণ, শিক্ষার্থীরা রোবট নয়।

######Byte-PM######

---

**Pariksha Pe Charcha-CM :**

বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ রাজ্যের বিভিন্ন স্কুলে ছাত্র-ছাত্রীদের 'পরীক্ষা পে চর্চা' অনুষ্ঠানটি দেখানো হয়। এরই অঙ্গ হিসেবে আগরতলার মহারাণী তুলসীবতী বালিকা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়েও 'পরীক্ষা পে চর্চা' অনুষ্ঠানটি সরাসরি দেখানো হয়। এই অনুষ্ঠানে স্কুলের ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাদের সাথে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহাও উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে স্কুলের বেশ কয়েকজন ছাত্রীর সঙ্গে মুখ্যমন্ত্রী মতবিনিময় করেন। অনুষ্ঠান শেষে তিনি সাংবাদিকদের বলেন,

'পরীক্ষা পে চর্চা' অনুষ্ঠানে প্রধানমন্ত্রী যেসব বিষয় সবার সামনে তুলে ধরেছেন সেগুলি ছাত্রছাত্রী, শিক্ষক মন্ডলী ও অভিভাবকরা মেনে চললে প্রত্যেকের জীবনের পথ সুগম হবে। নিজেকে চাপ মুক্ত রেখে ইতিবাচক চিন্তাভাবনা নিয়ে এগিয়ে যাওয়ার জন্য প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের পরামর্শ দিয়েছেন। দিল্লিতে 'পরীক্ষা পে চর্চা' অনুষ্ঠানে, প্রধানমন্ত্রীর সাথে মত  বিনিময়ে অংশগ্রহণকারী ত্রিপুরার ছেলে প্রীতম দাশ এর প্রশ্নের প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, আমরা তাঁকে নিয়ে গর্বিত।

এদিকে, প্রধানমন্ত্রীর সাথে পরীক্ষা পে চর্চা' অনুষ্ঠানে সরাসরি মত বিনিময় ও প্রধানমন্ত্রীর কাছ থেকে পরামর্শ পাওয়ার অভিজ্ঞতা নিয়ে বিলোনিয়ার পি এম শ্রী আর্য্য কলোনি স্কুলের প্রীতম দাস আকাশবানীকে তাঁর অভিজ্ঞতার কথা জানাতে গিয়ে বলেন, অনেক অনেক নতুন বিষয় নিয়ে অংশগ্রহননকারীরা জানতে পেরেছে।

####### Byte-Pritam Das ########

*********************************

**Jagriti-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সড়ক নিরাপত্তা, ভোক্তা সুরক্ষা এবং নেশার কবল থেকে বাঁচতে হলে গণসচেতনতা প্রয়োজন। ছাত্রছাত্রীদের মধ্যে প্রতিযোগিতার মাধ্যমেও গণসচেতনতা গড়ে তোলা যেতে পারে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে 'জাগৃতি' কর্মসূচি উপলক্ষ্যে আয়োজিত আন্তঃকলেজ ক্যুইজ প্রতিযোগিতার চূড়ান্ত রাউন্ডের অনুষ্ঠানে তিনি একথা বলেন। খাদ্য ও পরিবহণ দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার নেশামুক্ত ত্রিপুরা গঠনের প্রয়াস চালিয়ে যাচ্ছে। এ লক্ষ্যে পুলিশ প্রশাসন ও অন্যান্য এজেন্সি কাজ করে যাচ্ছে। ছাত্রছাত্রীদের এই অভিযানে সক্রিয়ভাবে যুক্ত করতে হবে। বর্তমান সময়ে ক্রেতা

সুরক্ষা বিষয়টিও খুব গুরুত্বপূর্ণ। তাই এই বিষয়ে ভোক্তাদের বেশি করে সচেতন করে তোলার লক্ষ্যে খাদ্য দপ্তরকে আরও আন্তরিকতার সঙ্গে কাজ করতে হবে। তিনি বলেন, জেলা ও রাজ্য স্তরে ভোক্তা আদালত থেকে ভোক্তারা যাতে সঠিক পরিষেবা পেতে পারে সে বিষয়েও গুরুত্ব আরোপ করতে হবে। পাশাপাশি ভোক্তা আইন সম্পর্কেও ভোক্তাদের সচেতন করাতে হবে।

মুখ্যমন্ত্রী আরো বলেন, সড়ক দুর্ঘটনা রোধে যে সমস্ত ট্রাফিক নিয়মাবলী রয়েছে সেগুলি বেশি করে প্রচারে নিয়ে যেতে হবে। বিশেষ করে ছাত্রছাত্রীদের সড়ক সুরক্ষা সম্পর্কে সচেতন করতে হবে। অনুষ্ঠানে পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরীও বক্তব্য রাখেন।

চূড়ান্ত রাউন্ড ক্যুইজ প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেছে উদয়পুরের নেতাজী সুভাষ মহাবিদ্যালয়ের শ্রেয়া মোদক ও শুভজিৎ চৌধুরী। দ্বিতীয় কুমারঘাটের কলেজ অব টিচার্স এডুকেশনের নিশান বিশ্বাস ও জয়দীপ মজুমদার এবং তৃতীয় স্থান অধিকার করেছে ভেটেরিনারি কলেজের সৌভিক ভৌমিক ও বিশাল দেবনাথ।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা /

ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**PM-Jandhan :**

চলতি বছরের জানুয়ারি মাস পর্যন্ত দেশে প্রধানমন্ত্রী জন ধন যোজনার আওতায় ৫৪ কোটিরও বেশি ব্যাংক অ্যাকাউন্ট খোলা হয়েছে। লোকসভায় এক লিখিত জবাবে অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেন, এর মধ্যে ৩০ কোটিরও বেশি অ্যাকাউন্ট মহিলাদের। মন্ত্রী বলেন, সরকার আর্থিক অন্তর্ভুক্তির জন্য বেশ কয়েকটি পদক্ষেপ নিয়েছে, যার লক্ষ্য প্রতিটি ব্যাংকবিহীন প্রাপ্তবয়স্ককে অন্তর্ভুক্ত করা। মন্ত্রী আরও বলেন, ২২ কোটিরও বেশি মানুষ প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনায় এবং ৪৯ কোটি মানুষ প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনায় নাম নথিভুক্ত করেছেন।

***************************

**Mahakumbh :**

এবার মহাকুম্ভের খবর

#######Sound-Byte######

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ মহাকুম্ভে ত্রিবেণী সঙ্গমে পবিত্র স্নান করেছেন। তিনি গঙ্গা, যমুনা ও সরস্বতী নদীর সঙ্গমে পূজো করেন। উত্তর প্রদেশের রাজ্যপাল আনন্দীবেন প্যাটেল এবং মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথও সেখানে উপস্থিত ছিলেন। সামাজিক মাধ্যমে রাষ্ট্রপতি বলেছেন, মহাকুম্ভের বিশাল সমাবেশ ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যের জীবন্ত প্রতীক। তিনি বলেন, মহাকুম্ভ মানবতার কাছে ঐক্য এবং আধ্যাত্মিকতার বার্তা পৌঁছে দেয়।

#######Sound-Byte######

*******************************

**Pariksha Pe Charcha-Unakoti :**

পরীক্ষা পে চর্চা"র অষ্টম সংস্করন আজ ঊনকোটি জেলার স্কুলগুলোতেও সরাসরি দেখানো হয়। জেলার 149টি উচ্চ বুনিয়াদি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা এই অনুষ্ঠান প্রত্যক্ষ করেন। পরীক্ষা পে চর্চা" অনুষ্ঠান প্রদর্শনের ঊনকোটি জেলাভিত্তিক কার্যক্রম হয়, কৈলাশহরের রাধাকিশোর ইনষ্টিটিউশনের ক্যাম্পাস হলে। আসন্ন পরীক্ষার প্রস্তুতি, উদ্বেগ ও উৎকণ্ঠার মোকাবিলায় উদ্ভাবনী পদ্ধতি সম্পর্কে প্রধানমন্ত্রীর আলোকপাত ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রবল উৎসাহের সৃষ্টি করে।

*****************************

**Pariksha Pe Charcha-Sepahijala :**

সিপাহীজলা জেলার সবকটি স্কুলেও আজ সরাসরি সম্প্রচারিত হয়েছে  প্রধানমন্ত্রীর "পরীক্ষা পে চর্চা" অনুষ্ঠান। ছাত্র-ছাত্রীদের মন থেকে পরীক্ষা ভীতি লাঘব ও আত্মবিশ্বাস বৃদ্ধির লক্ষ্যে প্রধানমন্ত্রীর এই অনুষ্ঠান ঘিরে সর্বত্রই লক্ষ্য করা গেছে উৎসাহ-উদ্দীপনা। জেলার মূল অনুষ্ঠানটি হয় বিশ্রামগঞ্জ দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে। বিদ্যালয়টির স্মার্ট ক্লাস রুমের এল.ই.ডি স্ক্রিনে ছাত্র-ছাত্রীরা উপভোগ করে পরীক্ষা পে চর্চা'র অষ্টম পর্বের এই অনুষ্ঠান।

*****************************

**Biplab Kumar Deb :**

আসাম-আগরতলা জাতীয় সড়কের কিছু অংশের অবিলম্বে সংস্কারের জন্য সাংসদ বিপ্লব কুমার দেব আজ লোকসভায় কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নীতিন গড়করির দৃষ্টি আকর্ষণ করেন। কেন্দ্রীয় মন্ত্রী শ্রী গড়করি জাতীয় সড়ক সংস্কারের জন্য দ্রুত পদক্ষেপ নেওয়া হবে বলে সাংসদ শ্রী দেবকে আশ্বাস দেন।

*****************************

**CITU Deputation :**

CITU-র পক্ষ থেকে একটি প্রতিনিধি দল রাজ্যে সরকারি ও বেসরকারি সংস্থায় কর্মরত এবং অবসরপ্রাপ্ত শ্রমিক ও কর্মচারীদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আজ আগরতলায় ইপিএফ কমিশনারের কাছে ডেপুটেশন প্রদান করেন। প্রতিনিধি দলে নেতৃত্ব দেন CITU-র নেতা কানু ঘোষ।

*************************

**PM-Paris :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ফ্রান্স এবং মার্কিন যুক্তরাষ্ট্র সফরের উদ্দেশ্যে যাত্রা করেছেন। উভয় দেশের সঙ্গে কৌশলগত, অর্থনৈতিক এবং প্রযুক্তিগত অংশীদারিত্ব জোরদার করার লক্ষ্যে এই কূটনৈতিক সফর বলে জানা গেছে। ফ্রান্সের রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁর আমন্ত্রণে, তিনি আজ থেকে ১২ই ফেব্রুয়ারি পর্যন্ত ফ্রান্স সফর করবেন। ফ্রান্সে থাকাকালীন, তিনি এ আই অ্যাকশন সামিটে সহ-সভাপতি হবেন, দ্বিপাক্ষিক আলোচনায় অংশ নেবেন। ফ্রান্স সফর শেষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের আমন্ত্রণে দু'দিনের সফরে মার্কিন যুক্তরাষ্ট্রে যাবেন। গত জানুয়ারি মাসে প্রেসিডেন্ট ট্রাম্পের ঐতিহাসিক নির্বাচনী জয়ের পর এটি তাদের প্রথম বৈঠক হবে।

****************************

**National Games :**

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের এপর্যন্ত মোট ৩১৭টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে। এরমধ্যে ৪৪টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে। ৩২টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক দ্বিতীয় স্থানে এবং ৩১টি স্বর্ণপদক নিয়ে মহারাষ্ট্র তৃতীয় স্থানে রয়েছে।

এদিকে, লন টেনিসের পুরুষ বিভাগে সার্ভিসেসের ইশাক ইকবাল, কর্ণাটকের প্রজ্বল দেব, গুজরাটের দেব ভি জাভিয়া ও তামিলনাড়ুর মনীষ সুরেশকুমার সেমিফাইনালে উঠেছেন। মহিলা

বিভাগে সেমিফাইনালে উঠেছেন গুজরাটের বৈদেহী চৌধুরী, মহারাষ্ট্রের আকাঙ্খা নিট্টুরে, কর্ণাটকের আমুদিনি নায়েক ও মহারাষ্ট্রের বৈষ্ণবী আড্কার। এদিকে, ত্রিপুরার মেয়ে অস্মিতা দেব উত্তরপ্রদেশের হয়ে মহিলাদের ৪৮ কেজি জুডোতে স্বর্ণপদক জেতেন।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিস্কার থাকবে। কিছু কিছু জায়গায় হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

*************************